

🔳 আল-কলম | Al-Qalam | ٱلْقَلَم

আয়াতঃ ৬৮:১

আরবি মূল আয়াত:

نَ وَ القَلَمِ وَ مَا يَسطُرُونَ ﴿ ١ ﴾

নূন; কলমের কসম এবং তারা যা লিখে তার কসম! — আল-বায়ান
নূন, কলমের শপথ আর লেখকেরা যা লেখে তার শপথ। — তাইসিরুল
নুন, শপথ কলমের এবং ওরা যা লিপিবদ্ধ করে তার। — মুজিবুর রহমান
Nun. By the pen and what they inscribe, — Sahih International

১. নূন—শপথ কলমের(১) এবং তারা যা লিপিবদ্ধ করে তাঁর,

(১) মুজাহিদ বলেন, কলম মানে যে কলম দিয়ে যিকর অর্থাৎ কুরআন মজীদ লেখা হচ্ছিলো। [কুরতুবী] কলম সম্পর্কে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেন, "সর্বপ্রথম আল্লাহ তা'আলা কলম সৃষ্টি করে তাকে লেখার আদেশ করেন। কলম বলল, কী লিখব? তখন আল্লাহ বললেন, যা হয়েছে এবং যা হবে তা সবই লিখ। কলম আদেশ অনুযায়ী অনন্তকাল পর্যন্ত সম্ভাব্য সকল ঘটনা ও অবস্থা লিখে দিল।" [মুসনাদে আহমাদ: ৫/৩১৭] অন্য হাদীসে রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেন, "আল্লাহ তা'আলা সমগ্র সৃষ্টির তাকদীর আকাশ ও পৃথিবী সৃষ্টির পঞ্চাশ হাজার বছর পূর্বে লিখে দিয়েছিলেন।" [মুসলিম: ২৬৫৩, তিরমিয়ী: ২১৫৬, মুসনাদে আহমাদ: ২/১৬৯] কুরআনের অন্যত্রও এ কলমের উল্লেখ করা হয়েছে। বলা হয়েছে, "তিনি (আল্লাহ) কলমের সাহায্যে শিক্ষা দিয়েছেন"। [সূরা আল-আলাক: 8]

তাফসীরে জাকারিয়া

(১) নূন,[1] শপথ কলমের[2] এবং ওরা (ফিরিশতাগণ) যা লিপিবদ্ধ করে তার।[3]

- [1] ্র অক্ষরটি ঐ শ্রেণীর বিচ্ছিন্ন অক্ষরমালার অন্তর্ভুক্ত যা পূর্বে বহু সূরায় অতিবাহিত হয়েছে। যেমন, ত্র স্বোদ, কাফ) ইত্যাদি।
- [2] আল্লাহ তাআলা কলমের কসম খেয়েছেন। আর কলমের একটি গুরুত্ব এই কারণে রয়েছে যে, তার দ্বারা বর্ণনা ও মনের ভাবপ্রকাশের কাজ সম্পাদিত হয়। কেউ কেউ বলেন, এ থেকে সেই নির্দিষ্ট কলমকে বুঝানো হয়েছে, যেটাকে মহান আল্লাহ সর্বপ্রথম সৃষ্টি করে ভাগ্য লেখার আদেশ করেছিলেন এবং সে শেষ পর্যন্ত যা কিছু ঘটবে, তা সবই লিখেছিল। (তিরমিয়ী, তাফসীর সূরা নূন)



[3] يَسْطُرُوْنَ कि यात কर्ण रल সেই কলমওলারা, যা কলম শব্দ দ্বারা প্রমাণিত হয়। কেননা, লেখনীর উল্লেখ স্বাভাবিকভাবে লেখকের অস্তিত্ব প্রমাণ করে। অর্থ হল, তারও শপথ যা লেখকরা লিখে। অথবা ঐ ক্রিয়ার কর্তা হলেন ফিরিশতাগণ, যেমন অনুবাদে ফুটে উঠেছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5272

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন